

১২

চাঁদপুরে ১০ সহস্রাধিক ছাত্রী উপ-বৃত্তির অর্থ পাইতেছে না

চাঁদপুর সংবাদদাতা ॥ চাঁদপুর জেলার ২টি থানার ৪৮টি মাধ্যমিক বিদ্যালয়ের ১০ সহস্রাধিক ছাত্রী

উপবৃত্তির অর্থ পাইতেছে না। বিদ্যালয়সমূহ আর্থিক সংকটের সম্মুখীন। চাঁদপুর সদর থানার ৩৯টি এবং হাইমচর থানার ৯টি মাধ্যমিক বিদ্যালয়ের ১০ হাজার ৬ শত ছাত্রী বিগত বৎসরগুলিতে উপবৃত্তি পাইয়া আসিতেছিল। ছাত্রীরা স্ব স্ব ব্যাংক (৯ম পৃ: দ্রঃ)

চাঁদপুরে ১০ সহস্রাধিক (৩য় পৃ: পর)

হিসাবের মাধ্যমে বৎসরে ৩ মাস অন্তর অন্তর ৪ কিস্তিতে উপবৃত্তির টাকা পাইত। কিন্তু চলতি সালের দুইটি কিস্তি অতিবাহিত হওয়ার পরও ছাত্রীদের উপবৃত্তির টাকা পাওয়ার কোন আশায় দেখা যায় না।

ছাত্রীগণ প্রাপ্ত টাকা স্ব স্ব স্কুলের বেতন হিসাবে পরিশোধ করিয়া থাকে।

এই উপবৃত্তির টাকা না পাওয়ার কারণে ছাত্রীরা তাহাদের এই বৎসরের বেতন পরিশোধ করিতে পারে না। ফলে স্কুলগুলি আর্থিক সংকটের সম্মুখীন হইয়া পড়িয়াছে। এইদিকে উপবৃত্তির অর্থ পাওয়ার আশায় অধিকাংশ অভিভাবক তাহাদের মেয়েদের স্কুলের বেতন পরিশোধ করেন না।

কয়েকজন প্রধান শিক্ষক জানান, উপবৃত্তির বিলম্ব দেখিয়া তাহারা ছাত্রীদের ১ম সাময়িক পরীক্ষা বিনা বেতনেই মানবিক কারণে নিয়াছেন। বর্তমানে ২য় সাময়িক পরীক্ষাও আগন্ন।

ছাত্রীদের উপবৃত্তি প্রদানকারী মালেরহাট যুব সংঘের চাঁদপুরস্থ অফিস সূত্রে জানা যায়, সংশ্লিষ্ট বিভাগ দাতা সংস্থাকে তাহাদের বিগত বৎসরের বায়িক রিপোর্ট প্রদানে বিলম্ব করায় নাকি এই পরিস্থিতির সৃষ্টি হইয়াছে।

এই ব্যাপারে নারী শিক্ষার বৃহত্তর স্বার্থে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ছাত্রী অভিভাবকগণ দাবী করিয়াছেন।